

জনাব শিবনাথ রায়

মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

জনাব শিবনাথ রায় ১৯৬৩ সালের ১লা জুলাই গোপালগঞ্জ জেলার লতিফপুর ইউনিয়নের চরমানিকদাহ গ্রামে সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি নিজ গ্রাম থেকে প্রাথমিক শিক্ষা শেষ করে এস. এম. মডেল সরকারী উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ থেকে মানবিক বিভাগে ১৯৭৯ সালে ঢাকা বোর্ডে মেধাতালিকায় ১৫তম স্থান অধিকারপূর্বক এস. এস. সি. পরীক্ষায় উত্তীর্ণ হন। অতঃপর সরকারী বঙ্গবন্ধু মহাবিদ্যালয়, গোপালগঞ্জ থেকে ১৯৮১ সালে মানবিক বিভাগে ঢাকা বোর্ডে মেধাতালিকায় ১৭তম স্থান অধিকার করে এইচ. এস. সি পরীক্ষায় উত্তীর্ণ হন। তিনি ১৯৮১-৮২ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিষয়ে ভর্তি হন এবং ১৯৮৪ সালে বি. এস. এস. (সম্মান) এবং ১৯৮৫ সালে এম. এস. এস. অর্থনীতিতে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হন। তিনি বিসিএস'৮৬ ব্যাচের প্রশাসন ক্যাডারের একজন কর্মকর্তা হিসেবে ২০-১২-১৯৮৯ সালে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ে যোগদান করেন। অতঃপর তিনি সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর, সহকারী কমিশনার (ভূমি) পার্বতীপুর, দিনাজপুর ও লালপুর, নাটোর এবং ১ম শ্রেণীর কগনিজেন্স ম্যাজিস্ট্রেট হিসেবে নাটোর জেলায় কর্মরত ছিলেন। পরবর্তী পর্যায়ে তিনি উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে দিঘলিয়া, খুলনা এবং সেনবাগ, নোয়াখালী জেলায় কৃতিত্বের সাথে দায়িত্ব পালন করেন। মাঠ পর্যায়ের কার্যক্রম সমাপনান্তে ২০০৬ সাল থেকে তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন পর্যায়ে দায়িত্ব পালন করেন। অতঃপর ২০০৯ সাল থেকে ২০১৩ সাল পর্যন্ত মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। যুগ্ম সচিব হিসেবে তিনি জাতীয় ক্রীড়া পরিষদের সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেন। অতঃপর তিনি ২৭-০৮-২০১৬ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে মহাপরিচালক হিসেবে যোগদান করেন এবং সেখানে কর্মরত থাকা অবস্থায় ২৭ নভেম্বর, ২০১৬ তারিখে অতিরিক্ত সচিব হিসেবে পদোন্নতি প্রাপ্ত হন। পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে তিনি ০৩ জানুয়ারি, ২০১৮ তারিখে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন শ্রম অধিদপ্তরের মহাপরিচালক পদে যোগদান করেন। সেখানে তিনি সফলতার সাথে কার্য সমাপনান্তে গত ১১/০৩/২০১৯ তারিখ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে মহাপরিদর্শক হিসেবে যোগদান করেন। সরকারী দায়িত্ব পালনকালে বৈদেশিক প্রশিক্ষণের লক্ষ্যে তিনি ইরান, জাপান, চীন, দক্ষিণ কোরিয়া, ভিয়েতনাম, ভারত, থাইল্যান্ড, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, নেপাল, মালদ্বীপ, সিঙ্গাপুর, দুবাই, ইংল্যান্ড, স্কটল্যান্ড, ইটালী, জার্মানী, গ্রীস, তুরস্ক, উগান্ডা, দক্ষিণ আফ্রিকা, যুক্তরাষ্ট্র, সুইজারল্যান্ড ও কাতার ভ্রমণ করেন।

পারিবারিক জীবনে ১৯৯০ সালে তিনি মিজ মল্লিকা রায় শান্তার সহিত বিবাহ বন্ধনে আবদ্ধ হন। মিজ মল্লিকা রায় শান্তা ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পদার্থবিদ্যা বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রী অর্জনপূর্বক শিক্ষকতা পেশায় নিয়োজিত ছিলেন। বর্তমানে তিনি অবসরে রয়েছেন। জনাব শিবনাথ রায় ০৩ (তিন) সন্তানের জনক। তার দুই ছেলে সৌমেন রায় সৌরভ ও শ্রুত রায় শোভন এম.বি.বি.এস. ডাক্তার এবং কনিষ্ঠ সন্তান অংকন রায় আবির্ সেন্ট জোশেফ হাইস্কুলের ৯ম শ্রেণীর ছাত্র। বর্তমান চাকরীস্থলে জনাব শিবনাথ রায় সততা, দক্ষতা ও নিরপেক্ষতা নিয়ে একাগ্রচিত্তে শ্রমিক, মালিক ও মেহনতি মানুষের কল্যাণে তথা দেশের সার্বিক উন্নয়নে কার্যক্রম চালিয়ে যেতে বদ্ধপরিকর। তিনি সকলের দোয়া ও আশীর্বাদ প্রার্থী।